5 Rs

INDIA

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES

पांच रुपये

S. Mallick

8.6.79

5 RS

INDIA

पाँच रुपये

सत्यमेव जयते

FIVE RUPEES भारत FIVE RUPEES

पाँच रुपये

Sailendra Mandi.
Biswanath Mandal.
Bimal Mandal.
Birash Mandal.
Pinaki Bala...
Jabindra Nath ...
Khatua.
Sanja...

...

5659

5660

5661

...

Sudipta Sen
Rajendra Narayan Sen.


A.P.S. - Survey park.

Sudipta Sen

S. Mallick

8.6.94.

৪২৫৩ ... ৮/৬/৯৪



STAMP AFFIXED BY
7/6/94
STAMP SUPERINTENDENT
CALCUTTA COLLECTORATE

সর্বপ্রকারী পক্ষ ঃ- ১। শ্রী বিমল কুমার মণ্ডল, ২। শ্রী বিভাস মণ্ডল, উভয়ের পিতা মৃত যতীন্দ্র নাথ মণ্ডল, ৩। শ্রীমতী পিঙ্কী মণ্ডল, স্বামী মৃত যতীন্দ্র নাথ মণ্ডল, সকলের জাতি হিন্দু, পেশা ব্যবসা ও গৃহস্থালী, সকলের সাকিন চাম্পুয়া, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

৩০,৫০০.০০ ত্রিশ হাজার পাঁচশত টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল ।

কোবালা গ্রহিতা ঃ- শ্রী শ্যামল মিত্র, পিতা মৃত সুরেশ চন্দ্র মিত্র, জাতি হিন্দু, পেশা চাকুরী, সাকিন ৬৩।১ নম্বর গৌরীবাড়ী লেন, থানা বড়তলা কলিকাতা - ৭০০০০৪ ।

কোবালা দাতা ঃ- ১। শ্রী শৈলেন্দ্র নাথ মণ্ডল, ২। শ্রী বিশ্বেশ্বর মণ্ডল, উভয়ের পিতা মৃত যতীন্দ্র নাথ মণ্ডল, জাতি হিন্দু, পেশা ডাক্তারী ও চাকুরী, সাকিন চাম্পুয়া, থানা সোনারপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

কস্য ৪ নম্বর বিধি মতে হাল রা. যত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের কমবেশ ৴৪৸৪০ চারি কাঠা পাঁচ ছটাক চল্লিশ বর্গ ফুট খালি জমি সায় চলাচলের রাস্তার সর্বপ্রকার ইজমেন্ট রাইট সহ দরবস্ত হক হকুক নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাবরেজিষ্ট্রী সোনারপুর , পরগণা খাসপুর জেলা কালেক্টার ের ১৫৯ নং তৌজি ভুক্ত জেঃ এলঃ নং ২৫ ও ১২, জেঃ এলঃ নং ৪ মৌজা মুকুন্দপুর গ্রামে ৫৩ নং খতিয়ান হইতে বর্ত্ত জমিদারী গ্রহণ আইনের ৬ ধারা

ধারা অনুসারে ১০৩ নং খতিয়ানের সমগ্র জমি যাহা যতীন্দ্র নাথ মণ্ডল মহাশয়ের নামে খোল খাসা রেকর্ড হইয়া ফাইনাল পাবলিশ্ট হয়। তিনি জীবিত কালীন বিগত ইংরাজী ১ ৯ ৬ ৩ সালে আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির, ৪৪ নং ভলুমে ২৫৬ হইতে ২৬০ নং পাতায় লিখিত ১ ২ ৮ ৩ নম্বর সেটেলমেন্ট দলিল বলে তাহার সমগ্র সম্পত্তি ব্যবস্থা করিয়া পরলোক গমন করেন। তদানুসারে আমরা অত্র দলিল দাতাদ্বয় আমাদের পিতা উক্ত যতীন্দ্র নাথ মণ্ডল মহাশয়ের মৃত্যু অন্তে উক্ত সেটেলমেন্ট দলিল মোতাবেক হাল ১০৩ নং খতিয়ানে ১৭ নং দাগে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া যথারীতি খাজনাদি আদায় দি.যা অন্যের নিরাংশে একক ভাবে চাষাবাদ করিয়া আসিতেছি।

কিন্তু বর্ত্তমানে আমাদের নানা কারণ বশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমাদের সেটেলমেন্ট সূত্রে প্রাপ্ত স্বত্ব দখলিয় সম্পত্তির মধ্যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে গ্রাহকগণ মধ্যে আপনি তাহা অবগত হইয়া বর্ত্তমান বাজার দরাদর বেলমোক্তা মবলগে ৩০,৫০০.০০ ত্রিশ হাজার পাঁচশত টাকা পণে খরিদ করিতে রাজি হইয়া আমাদিগকে খরিদের প্রস্তাব করিলে আমরা আপনার প্রস্তাবে উক্ত মূল্যে বিক্রয় করিতে সম্মত হইয়া অদ্যকার তারিখে আপনার নিকট হইতে পণের সমুদয় মং ৩০,৫০০.০০ ত্রিশ হাজার পাঁচশত টাকা নিম্ন জায়মত [illegible] বুঝিয়া পাইয়া আপনার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অত্র বিক্রিত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব স্বামিত্ব, লভ্য, দখলাদি ছিল বা আছে তৎসমুদয় চির কালের জন্য ধ্বংস ও লোপ পাইয়া নির্ব্যূঢ় স্বত্বে

স্বত্বে আপনাকে বর্ত্তাইল ও অর্পিল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মালিক দখলিকার হইয়া মালিক মোরেস্যায় আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক খাজনাদি আদায় দিয়া দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর, অবস্থান্তর ও রূপান্তরের অধিকারী হইয়া সায় যাতায়াতের জন্য যে কমন প্যাসেজ আছে, উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ইলেকট্রিক লাইন, জলের কলের পাইপ, জল নিকাশী ড্রেন, গ্যাস, টেলিফোন প্রভৃতি আনায়ন করিয়া সায় চলাচলের ইজমেন্ট রাইট সহ আপনি সায় আপনার পুত্র পৌত্রাদিগণ ক্রমে সায় আপনার ওয়ারিশানগণ ক্রমে যদৃচ্ছামত ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে কস্মিন কালেও আমি কিংবা আমার ওয়ারিশানগণ ক্রমে কেহ কোনদিন কোন সময়ে কোন রকম ওজর আপত্তি কিংবা দাবী দাওয়া করিব না বা করিবেক না, করিলেও তাহা অত্র দলিল বলে সর্ব্ব স্থানে এবং সর্ব্বাদালতে বাতিল নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

অত্র বিক্রিত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক, হস্তান্তর বা কোন প্রকার দায়াবদ্ধ করি নাই, বা কাহাকেও দিব বলিয়া কোনরূপ লিখিত বা মৌখিক প্রতিশ্রুতি দেওয়া নাই, বা কাহারও নামে বায়না করি নাই, বা কোন প্রকার দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে, বা কাহারও নামে বেনাম করিয়া রাখি নাই, বা কাহাকেও কোন দেনার দায়ে বা জামিনের দায়ে বা বাকি খাজনার জন্য কিংবা কোন আদালতে কোনপ্রকার নালিশ দায়ের নাই, বা কোন সরকারী বা বেসরকারী কর্ত্তৃক নীলাম বিক্রয় বা ক্রোকাবদ্ধ হয় নাই। ল্যাণ্ড এ্যাকুইজিশান বা সি, এম, ডি, এ, কর্ত্তৃক কোন এ্যাকুইজিশান কিংবা রিকুইজিশান হয় নাই, বা সেই মর্ম্মে কোন নোটিশাদি [illegible] বা নোটিশ দেওয়া হয় নাই।

সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনাকে বিক্রয় করিয়া খোলসা খাস দখল দিলাম ।

যদি ভবিষ্যতে উপরোক্ত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা তঞ্চকি থাকা প্রকাশ পাইলে মাফিক আইনের আমলে আসিব, অধিকন্তু আমাদের প্রকাশিত স্বত্ব স্বত্ব দখলের হীনতা বা ন্যূনতা প্রযুক্ত আপনার স্বত্বের বা স্বার্থের হানি বা বিঘ্ন ঘটিলে পণের সমুদয় টাকা মায় খরচ ও ক্ষতি পুরণ সহ আপনাকে ফেরত দিতে বাধ্য থাকিলাম ।

এতদ্ব্যতীত বিক্রিত সম্পত্তি সম্পর্কে ভবিষ্যতে আমাদের কোন প্রকার সাক্ষ্য প্রমান সহি সাবুদ দিবার আবশ্যক হইলে, তাহা বেওজরে আপনার অনুকূলে দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ।

যদি ভবিষ্যতে অত্র দলিলে টাইপে বা মুসাবিদায় লিখিতে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে আপনার খরিদা স্বত্ব সম্পূর্ণ ও দৃঢ়তর করার জন্য অত্র কোবালার পোষকে যুক্তিসঙ্গত যে কোন সংশোধনী দলিল করার আবশ্যক হইলে তাহা আমরা বিনা পণে বেওজরে আপনার খরচায় সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

আমরা অত্র দলিলের সমর্থনকারী পক্ষগণ এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে অত্র বিক্রিত সম্পত্তিতে আমাদের কোন টাইটেল নাই, বা ভবিষ্যতে থাকিবে না। আমরা অত্র কোবালার গ্রহিতা ফার্ম সর্ত অনুমোদন করিয়া তাহার ব্যবসায়ের ক্ষতি না করিবার সর্তে এবং তাহার নিযুক্ত খরিদ্দারের টাইটেল দৃঢ়তর করিবার নিমিত্ত পক্ষ ভুক্ত হইয়া অত্র দলিলে স্বাক্ষর করিলাম । ভবিষ্যতে মূল কোবালা দলিলাদিতে আমরা সমর্থনকারী পক্ষ ভুক্ত হইয়া স্বীকারোক্তি সহ রেজিষ্ট্রী করিয়া

দিতে বাধ্য থাকিলাম ।

এতদর্থে আমরা স্বেচ্ছায় সজ্ঞানে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র কোবালা দলিলের সার মর্ম্ম সম্যক অবগত হইয়া এবং পণের সমুদয় মং ৩০,৫০০.০০ ত্রিশ হাজার পাঁচশত টাকা নিম্ন জায়মত চেক মূলে বুঝিয়া পাইয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা আপনার বরাবরে সহি সম্পাদন অন্তে রেজিস্ট্রী করিয়া দিলাম । ইতি সন ১৪০১ সালের ২৩ শে জ্যৈষ্ঠ, ইংরাজী সন ১৯৯৪ সালের ৭ ই জুন ।

তপশীল বিক্রিত সম্পত্তির পরিচয় ঃ-
ও তাহার চৌহদ্দি ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা ও সাবরেজিস্ট্রী সোনারপুর, পরগণা খাসপুর জেলা কালেক্টারীর ১৫৯ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২৫ ও ১২, জেঃ এলঃ নং ৪ মৌজা মুকুন্দপুর গ্রামে হাল মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগণা কালেক্টার বাহাদুর অধিন গ্রাম অঞ্চল পঞ্চায়েতের অন্তর্গত ৫৩ নং খতিয়ান হইতে খণ্ড জমিদারী গ্রহণ আইনের ৬ ধারা অনুসারে ১০৩ নং খতিয়ানে লিখিত ১৭ সত্তের নম্বর দাগের মধ্যে উপরোক্ত মতে আমাদের সেটেলমেন্ট কৃত সম্পত্তির মধ্যে যাহা অত্র সাথ গ্রথিত নকশায় লাল রঙের রেখার দ্বারা সুচিহ্নিত রূপে মাপ সুরত কমবেশ ৴৪৮৪০ চারি কাঠা পাঁচ ছটাক চল্লিশ বর্গ ফুট খালি জমি সায় যাতায়াতের জন্য যে কমন প্যাসেজ আছে তাহার যাবতীয় ব্যবহারিক ইজমেন্ট রাইট সমেত দরবস্ত হক হকুক অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে । ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা ১.০২ পয়সা, উক্ত মালেক সেরেস্তায় আদায় দিতে হয় । উক্ত নকশা অত্র দলিলের একাংশ বলিয়া পরিগণিত হইবে । বিক্রিত সম্পত্তি চাষাবাদ হইতেছে ।

তপশীল চৌহদ্দি ঃ-

তপশীল চৌহদ্দি ঃ-

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ- | স্কীম প্লট নম্বর এ, পি, এ-২ এবং ৩১ । |
| দক্ষিণে | ঃ- | স্কীম প্লট নম্বর এ, পি, এ-৪ এবং ২৯ । |
| পূর্ব্বে | ঃ- | স্কীম প্লট নম্বর এ, পি, এ-৩১ এবং ২৫ পঁচিশ ফুট চওড়া রাস্তা। |
| পশ্চিমে | ঃ- | স্কীম প্লট নম্বর এ, পি, এ- ২৫ পঁচিশ ফুট চওড়া রাস্তা ও ৪ নম্বর প্লট । |

তপশীল টাকার জায় ঃ-

অদ্য তারিখে মোটে ও নগদে প্রাপ্ত - - - - - ৩০,৫০০.০০ টাকা,

মোট -- ৩০,৫০০.০০ টাকা মাত্র,

মং ত্রিশ হাজার পাঁচশত টাকা নগদ বুঝিয়া পাইলাম ।

মুসাবিদাকারক ঃ-

বজিল লেখক

দ.হ: ৩১

আলিপুর পুলিশ কোর্ট

কলিকাতা—২৭

ইসাদী ঃ-

টাইপকারক ঃ-

আলিপুর পুলিশ কোর্ট,


কলিকাতা - ৭০০০২৭।

SITE PLAN FOR SRI SHYAMAL MITRA, PART OF DAG NO-17

J.L. NO-4. KHATIAN NO-103. MOUZA - MUKUNDAPUR. P.S.

SONERPUR. DIST. SOUTH 24 PARGS. S.P. APA - 3 & 30

AREA OF LAND ABOUT - 4K- 5CH- 40 SFT. SHOWN IN RED INK




Certified to be a true copy of the original which attached to the document No 4253 of 1994 of D R O Alipore.

Md. ...

27.10.6.94

Alipore (Records)

24.6.94